

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৪৮

পর্ব-৬: যাকাত (১৫১ الزكاة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যার জন্য কিছু চাওয়া হালাল নয় এবং যার জন্য হালাল

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ الْحَنْظَلِيَّةِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ سَأَلَ وَعِنْدَهُ مَا يُغْنِيهِ فَإِنَّمَا يَسْتَكْثِرُ مِنَ النَّارِ». قَالَ النُّفَيْلِيُّ. وَهُوَ أَحَدُ رُوَاتِهِ فِي مَوْضِعِ آخر: وَمَا الْغنى الَّذِي لَا يَنْبَغِي مَعَهُ الْمَسْأَلَةُ؟ قَالَ: «قَدْرُ مَا يُغَدِّيهِ وَيُعَشِّيهِ». وَقَالَ فِي مَوْضِعِ آخَرَ: «أَنْ يَكُونَ لَهُ شِبَعُ يَوْمٍ أَوْ لَيْلَةٍ وَيَوْمٍ». رَوَاهُ أَبُو دَاؤد

বাংলা

১৮৪৮-[১২] সাহল ইবনু হান্যালিয়্যাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অমুখাপেক্ষী থাকার মতো সম্পদের মালিক হয়েও যে ব্যক্তি মানুষের কাছে হাত পাতে, সে মূলত বেশী আগুন চায়। এ হাদীসের এক বর্ণনাকারী নুফায়লী অন্য এক স্থানে বর্ণনা করেছেন যে, রসূলের কাছে জিজ্ঞেস করা হয়েছিল কি পরিমাণ সম্পদ থাকলে অন্য কারো কাছে কিছু চাওয়া সমীচীন হবে না। তখন তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেন, সকাল সন্ধ্যার পরিমাণ খাদ্য মওজুদ থাকলে। নুফায়লী অন্য এক স্থানে রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর বরাতে এভাবে বর্ণনা করেছেন যে, তার কাছে একদিন অথবা একদিন এক রাতের পরিমাণ খাদ্য মওজুদ থাকলে। অথবা বর্ণনাকারীর সন্দেহ, তিনি শুধু একদিনের কথা বলেছেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবু দাউদ ১৬২৯, ইবনু খুযায়মাহ ২৩৯১, সহীহ আতৃ তারগীব ৮০৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি প্রয়োজন ছাড়াই মানুষের থেকে ভিক্ষাবৃত্তি করে সম্পদ একত্রিত করে সে যেন তার নিজের জন্য জাহান্নামের আগুন একত্রিত করল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশ্ন ধরা হল, কি পরিমাণ সম্পদ থাকলে তার জন্য ভিক্ষাবৃত্তি করা বৈধ নয়? উত্তরে তিনি বললেন, সকাল-সন্ধ্যার খাবার। অর্থাৎ যার নিকট



একদিনের সকাল-সন্ধ্যার খাবার থাকবে তার জন্য ভিক্ষাবৃত্তি করা বৈধ নয়। ইমাম খাত্ত্বাবী (রহঃ) তাঁর "মা'আলিম'' গ্রন্থে বলেন, এর ব্যাখ্যায় মতভেদ রয়েছে। কেউ কেউ বলেন, হাদীসের বাহ্যিক অর্থে বুঝা যায় যার একদিনের সকাল-সন্ধ্যার খাবার থাকবে তার জন্য ভিক্ষাবৃত্তি বৈধ নয়। আবার কেউ কেউ বলেছেন, ভিক্ষাবৃত্তি সেই ব্যক্তির জন্য অবৈধ যার নিকট দীর্ঘদিনের খাবার মওজুদ রয়েছে। আবার কেউ কেউ বলেছেন, বরং এটি পঞ্চাশ দিরহাম এবং উক্নিয়্যার হাদীস দ্বারা মানসূখ হয়ে গেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন